



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)



নম্বর- ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯২.১৯.৩৪১

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯  
০৭ জুলাই ২০২২

### পরিপত্র

**বিষয়:** আবেদন দাখিল এবং পত্র যোগাযোগের ক্ষেত্রে প্রশাসনিক শিষ্টাচার ও দাপ্তরিক রীতি-নীতি প্রতিপালন।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ে কিছু কিছু কর্মকর্তা-কর্মচারী বিভিন্ন সময়ে প্রশাসনিক শিষ্টাচার ও দাপ্তরিক রীতি-নীতি অনুসরণ না করেই মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থায় সরাসরি আবেদন দাখিল করেন। এতে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় বিভ্রতকর পরিস্থিতির উদ্ভব ঘটে এবং সরকারের কাছে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ হয়। এছাড়া, বিভিন্ন সময়ে কর্মকর্তা-কর্মচারীগণ ব্যক্তিগত বিষয়ে সরকারি পত্রালাপের বিধি-বিধান অনুসরণ না করেই নিয়ম বহির্ভূতভাবে পত্র প্রেরণ করে থাকেন। এতে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় অনৈতিক চাপসহ স্বাভাবিক কার্যক্রমে ব্যাঘাত ঘটে। যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ২(খ) এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর বিধি-৩০ অনুযায়ী 'অসদাচরণ' এবং শাস্তিযোগ্য অপরাধ।

০২। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল এবং পত্র যোগাযোগের ক্ষেত্রে প্রশাসনিক শিষ্টাচার ও দাপ্তরিক রীতি-নীতি প্রতিপালনের লক্ষ্যে বিদ্যমান বিধি-বিধান অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিমতে বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ তাদের বার্ষিক মূল্যায়নে তা প্রতিফলিত হবে।

*Asad*  
০৭.০৭.২২

মোঃ এরফানুল হক  
উপসচিব

ফোন: ০২২২৩৩৫১৮০১

ই-মেইল: [sasad1@mopme.gov.bd](mailto:sasad1@mopme.gov.bd)

**বিতরণ:** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ৩। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)/ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ৪। মুখ্যসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর, ঢাকা।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সিনিয়র সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা..... বিভাগ।
- ১২। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ..... জেলা।
- ১৪। সুপারিনটেনডেন্ট (সকল), ..... সিটিআই।
- ১৫। সহকারী সচিব (সকল); সহকারী প্রোগ্রামার (সকল); হিসাব রক্ষণ কর্মকর্তা; পরিসংখ্যান কর্মকর্তা; লাইব্রেরিয়ান; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৬। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ..... জেলা।

- ১৭। উপজেলা/থানা শিকা অফিসার (সকল), ..... উপজেলা/থানা।
- ১৮। ইন্সট্রাক্টর (সকল) ..... সিটিআই/ইউআরসি।
- ১৯। সহকারী উপজেলা/থানা শিকা অফিসার (সকল) ..... উপজেলা/থানা।
- ২০। সহকারী ইন্সট্রাক্টর (সকল), ..... সিটিআই/ইউআরসি।
- ২১। প্রধান শিক্ষক; সহকারী শিক্ষক (সকল)।
- ২২। দপ্তর/সংস্থাসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী।
- ২৩। অফিস কপি।